স্থানীয় চাহিদা মিটিয়ে দেশের বিভিন্ন স্থানে সরবরাহ করা হচ্চে কুষ্টিয়ার লিচু

বিগত বছলের তুলনায় কুষ্টিয়ায় এবছর লিচুর ফলন ভালো হয়েছে। স্থানীয় চাহিদা মিটিয়ে কুষ্টিয়ার লিচু দেশের বিভিন্ন স্থানে সরবরাহ হয়ে থাকে। তবে এ বছর করোনা পরিস্থিতির কারনে বাজারজাতকরণ নিয়ে অনিশ্চয়তার মধ্যে রয়েছেন লিচুর বাগান মালিক ও ব্যাপারীরা।

জানা গেছে, কুষ্টিয়ায় এ বছর ২৮৩ হেক্টর জমিতে বোম্বাইসহ আধুনিক জাতের লিচুর চাষ হয়েছে। সুস্বাদু ফল হিসেবে কুষ্টিয়ার লিচুর চাহিদা বেশী।

চলতি বছর প্রাকৃতিক দূর্যোগ শিলাবৃষ্টি ও আম্পানের প্রভাবে লিচুর ক্ষতি হলেও সে ক্ষতি কাটিয়ে উঠা সম্ভব হতো, যদি করোনা পরিস্থিতির কারণে পরিবহন সংকটসহ বাজারজাতকরণে কোনো সমস্যা দেখা না দিত। তারপরও লাভের আশা করছেন লিচু বাগান মালিকরা।

লিচুর বাগান ক্রেতা ব্যাপারীরা এখন লিচু ভাঙ্গাতে ব্যস্ত সময় পার করছেন। প্রাকৃতিক দূর্যোগে লিচুর ক্ষতি হলেও সে ক্ষতি পুষিয়ে নিতে স্থানীয় বাজারসহ বিভিন্ন বাজারে লিচুর সমাহার ঘটাচ্ছেন তারা।

আবার বাগানের টাটকা সুস্বাদু লিচু কিনতে সাধারণ ক্রেতারও লিচুর বাগানে ভিড় করছেন। লিচু কেনার সময় গাছ থেকে পেড়ে দু’একটি লিচু খাওয়ার তৃপ্তিও পাচ্ছেন তারা।

ভেড়ামারা উপজেলার পাটুয়াকান্দি এলাকার লিচু চাষীয় আনোয়ার পারভেজ শান্ত বলেন, আমার ৫ বিঘা জমিরে উপর গড়ে তোলা লিচু বাগান থেকে ৫-৬ বছর লিচুর আবাদ করে আসছি। গেলো বছর আমি ৫ লাখ টাকায় বাগান বিক্রি করেছিলাম। কিন্তু এবছরে লকডাউন ও আম্পানে তিন লাখ টাকায় বাগান বিক্রি করেছি।

দৌলতপুর কৃষি কর্মকর্তা এ কে এম কামরুজ্জামান বলেন, কুষ্টিয়ায় বোম্বাইসহ আধুনিক জাতের লিচুর চাষ হয়েছে। ফলনও ভাল হয়েছে। প্রাকৃতিক দূর্যোগে লিচুর কিছুটা ক্ষতি হলেও বর্তমান কৃষিবান্ধব

সরকারের সিদ্ধান্তে লিচু বাজারজাতকরণে পরিবহন সংকটও নিরসন হয়েছে।

স্বপ্ল সময়ের পচনশীল ফল লিচু সময়মত বিপনন করতে না পারলে একদিকে লিচু চাষীরা লিচুচাষে আগ্রহ হারাবে সেইসাথে পুঁজি হারাবে ব্যাপারীরা। এমনটাই মনে করেন এ অঞ্চলের লিচু চাষীরা।

এস এম জামাল, কুষ্টিয়া থেকে।

মেহেরপুরে স্বাস্থ্যবিধি লঙ্ঘনের দায়ে জরিমানা

মেহেরপুরে করোনা মহামারিতে স্বাস্থ্যবিধি অমান্য করে বিকাল ৪ টার পর দোকান খোলা রাখার দায়ে দুই দোকানিকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জরিমানা করা হয়।

বুধবার বিকাল ৪ টার পরেও মেহেরপুর কাথুলী রোডের ইকবাল হাসানের হার্ডওয়ারের দোকান ও নতুন পাড়া মোড়ে আশিকের চায়ের দোকান খোলা রাখার দায়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দুই শত টাকা করে জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মাস্তুরা আমেনা।

হাসাদাহ প্রেসক্লাবের পক্ষ থেকে নবাগত ইউএনও কে ফুলেল

শুভেচ্ছা

হাসাদাহ প্রেসক্লাবের পক্ষ থেকে গতকাল সকাল ১০ ঘটিকার সময় জীবননগর উপজেলার নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা মুনিম লিংকনকে ফুলেল শুভেচ্ছা অভিন্দন জানানো হয় ।

এ সময় হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি এম মতিয়ার রহমান , সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, কষাধক্য বদরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল-আমিন নির্বাহী সদস্য কবির আহম্মদ সহ সকল সদস্য বৃন্দ উপস্থিত থেকে তাকে শুভেচ্ছা প্রদান করেন।

ঝিনাইদহে সরকারি নির্দেশনা মেনে বাস চলাচল নিশ্চিত করতে পুলিশের তল্লাসী

ঝিনাইদহে সরকারি নির্দেশনা মেনে বাস চলাচল নিশ্চিত করতে চেকপোষ্ট বসিয়ে তল্লাশী করছে পুলিশ। বুধবার সকালে শহরের কেন্দ্রীয় বাসটার্মিনাল, আরাপপুর মোড়, চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড ও হামদহসহ ৬ টি রুটে তল্লাশী চালানো হচ্ছে।

সরকার নির্ধারিত হারে ভাড়া নেয়া হচ্ছে কিনা তা যাত্রীদের সাথে কথা বলে নিশ্চিত করা হয়। এছাড়াও স্বাস্থ্য বিধি মেনে বাসে যাত্রী উঠানো হয়েছে কিনা তা পরীক্ষা করা হয়। স্থানীয় ও দুরপাল্লার চলাচলকারী বাস থামিয়ে যাত্রী যাচাই করা হয়।

এতে নেতৃত্ব দেন পুলিশ সুপার হাসানুজ্জামান। এছাড়াও কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকার বাসকাউন্টারে কর্মরতদের অতিরিক্ত ভাড়া না নেওয়া ও স্বাস্থ্য বিধি মেনে কাজ করার পরামর্শও দেওয়া হয়। অভিযানে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সদর থানার ওসি মিজানুর রহমান, ট্রাফিক ইন্সপেক্টর সালাহউদ্দিন, গৌরাঙ্গ পাল, জেলা বাসমিনিবাস মালিক সমিতির সাবেক সভাপতি

রোকনুজ্জামান রানুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিক্রয় নিষিদ্ধ ঔষধ জব্দ, ব্যবসায়ীকে জরিমানা

ঝিনাইদহ শহরের আরাপপুরের একটি বাসা থেকে বিপুল পরিমান বিক্রয় নিষিদ্ধ ঔষধ জব্দ করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও র্যাব। মঙ্গলবার রাতে যৌথ এ অভিযান চালানো হয়।

ঝিনাইদহ র্যাব ক্যাম্পের এসএসপি শফিকুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে শহরের আরাপপুর এলাকার একটি বাসায় বিক্রয় নিষিদ্ধ ঔষধ বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষন করা হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে র্যাব ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সেখানে যৌথ অভিযান পরিচালনা করে। পরে সেখান থেকে নিষিদ্ধ সীমা ফার্মাসিউটিক্যালস এর বিক্রয় নিষিদ্ধ বিপুল পরিমান ঔষধ জব্দ করা হয়। আটক করা হয় ঔষধ ব্যবসায়ী বকতিয়ার রহমানকে।

আটককৃত বকতিয়ার রহমান শৈলকুপা উপজেলার ব্রাহিমপুর গ্রামের আনছার আলীর ছেলে। পরে ভোক্তা অধিকার সংরক্ষন আইন অনুসারে ব্যবসায়ীকে ৪৫ হাজার টাকা জরিমানা করা হয়। ঝিনাইদহ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, আটককৃত ঔষধ অনেক আগেই বিক্রয় নিষিদ্ধ করা হয়। এছাড়া নিম্ন মানের কিছু ঔষধ সেখানে সিলগালা করা হয়েছে। নমুনা সংগ্রহ করে তা পরীক্ষা করে নকল প্রমানিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে আগুনে পুড়ে ৪ টি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মামলার তদন্তকারী কর্মকর্তা ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম জানান,মামলার পর থেকে লাল্টু কানা পলাতক ছিলো। সে কাজিপুর ও পার্শবর্তী দৌলৎপুর এলাকার শীর্ষ সন্ত্রাসী। ২০১২ সালে সাহেবনগর তালতলা এলাকায় বিক্ষুদ্ধ গ্রামবাসি চামচ দিয়ে তার চোঁখ তুলে নেয়। তারপরও বহু অপকর্ম করলেও অন্ধের কারনে বিভিন্ন সময়ে পার পেয়ে গেছে।

তিনি আরো বলেন,ইসমত কবির ডাবলু হত্যার মুল ইন্দন ও হুকুম দাতা লাল্টু কানা। তাকে জিজ্ঞাসাবাদ শেষে আদালতে সোপর্দ করা হবে।

উল্লেখ্য: গত ১৬ মে শনিবার সন্ধ্যায় গাংনী উপজেলার সাহেবনগর গ্রামে লিচু বাগান দখলকে কেন্দ্র হামলায় উভয় পক্ষের ইসমত কবির ডাবলু ও সানারুল হক নিহত হয়। এ ঘটনায় ইসমত কবির ডাবলুর মা ইসলামা খাতুন বাদী হয়ে কাজিপুর ইউপি সদস্য হাবিবকে ১ ও লাল্টু কানা ২ নং আসামী করে ১০জন সহ অজ্ঞাত নামাদের বিরুদ্ধে একটি হত্যা মামলা দায়ের করে মামলা নং ১৬ তাং ১৭.০৫.২০ ও সানারুল হক নিহতের ঘটনায় তার স্ত্রী বাদী হয়ে ইসমত কবির ডাবলু ও তার পিতা খবিরের নামে হত্যা মামলা দায়ের করে যার নং ১৭ নং তাং ১৭.০৫.২০ ইং।

ঝিনাইদহে করোনার প্রভাবে বিপাকে গো খামারীরা

ঝিনাইদহে করোনার প্রভাবে বিপাকে পড়েছেন গো খামারীরা। অন্যদিকে গো খাদ্যের দাম বাড়ায় ক্ষতির মুখে তারা। এই অবস্থা দীর্ঘমেয়াদী হলে পথে বসার আশঙ্কা তাদের।

ঝিনাইদহ সদর উপজেলার ধনঞ্জয়পুর গ্রামে ২০১৪ সালে ৪ একর জমির উপর এম আর এইচ এগ্রো প্রাইভেট লিমিটেড নামের একটি গো খামার তৈরী করেন রোকনুজ্জামান রিপন।

সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে ৭টি গাভী নিয়ে কর্মকান্ড শুরু করেন তিনি। বর্তমানে ছোট বড় ৪২ টি গরু রয়েছে তার ফার্মে। এর মধ্যে ২২ টি গাভী আছে। যা থেকে প্রতিদিন দুধ হচ্ছে ১২০ লিটার।

ব্রাক ডেইরি ফার্ম ও হোটেলে দুধ বিক্রি করলেও এখন তা বন্ধ রয়েছে। এতে পানির দামে স্থানীয় ভাবে দুধ বিক্রি করতে হচ্ছে তাকে। রোকনুজ্জামান রিপনের মতো ঝিনাইদহের বিভিন্ন অঞ্চলের খামারীদের একই অবস্থা। কোম্পানির বাইরের অতিরিক্ত দুধ এতোদিন মিষ্টিসহ বিভিন্ন খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে দেয়া হতো। করোনার কারণে সেসব বন্ধ ও হাট-বাজারে চাহিদা কমে যাওয়ায় ধস নেমেছে দুধের বাজারের।

শুধু তাই নয় যানবাহনের কারনে গোঁ খাদ্য আনা নেওয়ার সমস্যার পাশাপাশি বেড়েছে দাম। ফলে সঠিকভাবে খাদ্য দিতে না পারায় দুধের উৎপাদনও কমেছে। বর্তমানে ২২ টি গাভী থেকে ৬০ লিটার দুধ উৎপাদন হচ্ছে।

খামারী রিপন জানান, তার খামারে ৫/৬জন শ্রমিক কাজ করে। তাদের পারিশ্রমিক দেওয়া এবং গো খাদ্যের দাম বৃদ্ধি হওয়ায় প্রতিদিন ৫ হাজার টাকা লোকসান গুনতে হচ্ছে। ব্যাংক থেকে ১ কোটি টাকা ঋণ নিয়ে সুদ দিতে হিমশিম খেতে হচ্ছে তার। খামারী শিল্পকে টিকিয়ে রাখতে হলে সরকারি প্রণোদনাসহ ঋণের সুদ মওকুফের দাবি তার। এই খাতটি দেশের মানুষের পুষ্টি ও আমিষের চাহিদা মিটিয়ে থাকে। সরকার আর্থিক সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন এমনটাই দাবি দুগ্ধ খামারীদের।

এ ব্যাপারে জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা আনন্দ কুমার অধিকারি বলেন, করোনায় খামারীরা লোকসানের বিষয়টি সরকারকে অবহিত করা হয়েছে। সরকারের পক্ষ থেকে প্রণোদনাসহ খামারীরা সকল প্রকার সুযোগ সুবিধা পাবে বলে আশা করছি।
ঝিনাইদহ প্রাণী সম্পদ অধিদপ্তরের তথ্যমতে জেলায় ছোট বড় প্রায় ৫০ হাজার দুগ্ধ খামার রয়েছে। প্রতিদিন দুধ উৎপাদন হয় ২৮৪ মেট্রিক টন।

গাংনীতে করোনা পজিটিভ রোগীর

[redacted]

[redacted]

[redacted]

[

কার্পাসডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় ব্যবসায়ী মৃত্যু

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের চাকুলিয়া – ঠাকুরপুর সড়কে কার্পাসডাঙ্গার পরিচিত ব্যবসায়ী মোঃ কালাম খাবলী (৫৩) সড়ক দূর্ঘটনায় নিহত হয়েছে। প্রত্যক্ষদর্শী ও পারিবারিক সুত্রে জানাগেছে, সোমবার সন্ধ্যা ৭ টার দিকে কালাম খাবলী নিজ মোটরসাইকেলযোগে ব্যবসায়ী কাজ সেরে কার্পাসডাঙ্গার দিকে রওনা হয়।

এসময় বিপরীত দিক থেকে একটি করিমন চাকুলিয়া গ্রামে যাচ্ছিলো। এসময় করিমনের সাথে মোটরসাইকেলের মুখোমুখি ধাক্কা লাগে। ধাক্কা লাগার কারনে কালাম খাবলী রাস্তার উপরে পড়ে যায়। রক্তাক্ত আহত অবস্থায় স্থানীয়রা উদ্ধার করে রাস্তার পাশে রাখে।

পরে স্থানীয়রা কালাম খাবলীর বাড়িতে খবর দিলে পরিবারের লোকজন ঘটনাস্থলে গিয়ে কালাম খাবলীকে দ্রুত উদ্ধার করে চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে মাইক্রোযোগে নিয়ে যায় চিকিৎসার জন্য। হাসপাতলে নিয়ে যাবার পর ইমার্জেন্সিতে প্রাথমিক চিকিৎসা নিয়ে ওয়ার্ডে নিয়ে যাবার পরেই তিনি সাড়ে ৯ টার দিকে শেষ নিঃশ্বাস ত্যাগ করে বলে জানান পরিবারের লোকজন। প্রচুর রক্ত ক্ষরণে তার মৃত্যুর কারন বলে জানান পরিবারের লোকজন। ।

২ সন্তানের জনক কালাম খাবলী কার্পাসডাঙ্গার খাবলী পাড়ার মৃত আলী খাবলীর ছেলে। তিনি বিলে মাছের ব্যবসা ছাড়া বিভিন্ন ব্যবসার সাথে জড়িত। কালাম খাবলী ২০১১ ও ২০১৬ সালে কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের নির্বাচনে ১ নং ওয়ার্ডের সদস্য পদে প্রতিদ্বন্দ্বী করেছিলেন। আগামী কাল মৃতব্যক্তির জানাযা শেষে দাফনকার্য সম্পন্ন করা হবে বলে মৃত ব্যক্তির পারিবারিক সুত্রে জানাগেছে।